

এফই সার্কুলার নং-২৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

২০১৬-২০১৭ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার কর্তৃক চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে কতিপয় পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের সূত্রে জুলাই ০১, ২০১৬ হতে জুন ৩০, ২০১৭ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যগুলো রপ্তানির বিপরীতে প্রতিটির পার্শ্বে উল্লিখিত হারে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা পরিশোধ্য হবে :

রপ্তানি পণ্যের নাম	প্রযোজ্য হার
০১। রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুষ্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাংক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা	৪.০০%
০২। বস্ত্র খাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা (প্রচলিত নিয়মের)	৪.০০%
০৩। ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ৪% এর অতিরিক্ত বিশেষ সহায়তা	২.০০%
০৪। নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত)	৩.০০%
০৫। হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতের তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫.০০%
০৬। কৃষিপণ্য (শাকসবজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি	২০.০০%
০৭। হালকা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি	১৫.০০%
০৮। ১০০% হালাল মাংস রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি	২০.০০%
০৯। হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা : (ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার Up to 20% Above 20% to 30% Above 30% to 40% Above 40% (খ) অন্যান্য মাছের জন্য বরফ আচ্ছাদনের হার Up to 20% Above 20% to 30% Above 30% to 40% Above 40%	১০.০০% ৯.০০% ৮.০০% ৭.০০% ৫.০০% ৪.০০% ৩.০০% ২.০০%
১০। চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫.০০%
১১। জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি	১০.০০%
১২। আলু রপ্তানি খাতে নগদ সহায়তা	১০.০০%
১৩। পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি	১০.০০%
১৪। ফার্নিচার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি	১৫.০০%
১৫। প্লাস্টিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি	১০.০০%
১৬। পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকি : ক) বৈচিত্রকৃত পাটজাত পণ্য (Diversified Jute Products) খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি) গ) পাট সূতা	২০.০০% ৭.৫০% ৫.০০%
১৭। সাভারে চামড়া শিল্প নগরীতে স্থানান্তরিত শিল্প প্রতিষ্ঠান হতে 'ক্রাস্ট' ও 'ফিনিশড' লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি	৫.০০%
১৮। গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি *	১০.০০%
১৯। শস্য ও শাক সবজি-এর বীজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি *	২০.০০%
২০। পাটকার্টি থেকে উৎপাদিত কার্বন রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি *	২০.০০%

* সংশ্লিষ্ট বিষয়ে সার্কুলার জারী হওয়ার পর থেকে চিহ্নিত খাতসমূহে নগদ সহায়তা নেয়া যাবে।

০২। এফই সার্কুলার নং ১২, তারিখ জুন ০৭, ২০১০ এ বস্ত্রখাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সংজ্ঞা নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো :

“ যে সকল উৎপাদনকারী-রপ্তানিকারক প্রতিষ্ঠান এখন (২০১৬-২০১৭ অর্থ বছর) থেকে কোন অর্থ বছরে ৩.৫০ মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত মূল্যের বস্ত্র/বস্ত্রজাত সামগ্রী রপ্তানি করবে এবং কোন বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের মালিকানাধীন নয় এমন প্রতিষ্ঠানসমূহ পরবর্তী অর্থ বছরে ক্ষুদ্র ও মাঝারি বস্ত্র শিল্প হিসেবে সংজ্ঞায়িত হবে।”

০৩। বস্ত্রখাতের নগদ সহায়তার প্রাপকপক্ষ একই রপ্তানির বিপরীতে ৩টি খাতে (প্রচলিত নিয়মের নগদ সহায়তা ৪%, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা ৪% ও নতুন পণ্য/নতুন বাজার সম্প্রসারণ সহায়তা ৩%) নগদ সহায়তা প্রাপ্য হলে নগদ সহায়তার সর্বোচ্চ হার ১১% এর স্থলে ১০% হবে।

০৪। উপরের তালিকার ১, ২ ও ৩ ক্রমিকে বর্ণিত সুবিধার আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) বস্ত্রখাতের ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠান : নগদ সহায়তার জন্য প্রযোজ্য রপ্তানির বিপরীতে প্রচলিত নগদ সহায়তা এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য প্রযোজ্য অতিরিক্ত সুবিধার জন্য ৮% (৪%+৪%) হারে নগদ সহায়তার আবেদন দাখিল করতে হবে। উক্ত রপ্তানি ইউরো অঞ্চলে সম্পাদনের ক্ষেত্রে ১০% (৪%+৪%+২%) হারে নগদ সহায়তার আবেদনপত্র দাখিল করতে হবে।

(খ) উপরোক্ত (ক) তে বর্ণিত প্রতিষ্ঠানের রপ্তানি ব্যতীত অন্য প্রতিষ্ঠান : নগদ সহায়তার জন্য প্রযোজ্য রপ্তানি কার্যক্রম ইউরো অঞ্চলে সম্পাদনের ক্ষেত্রে প্রচলিত নগদ সহায়তার সাথে ইউরো অঞ্চলের জন্য প্রযোজ্য ২% সহায়তাসহ একত্রে ৬% (৪%+২%) হারে নগদ সহায়তার আবেদনপত্র দাখিল করতে হবে।

০৫। এফই সার্কুলার নং ২১, তারিখ নভেম্বর ০৯, ২০১০ এবং এফই সার্কুলার নং ২২, তারিখ নভেম্বর ২০, ২০১১ এর আওতায় বাংলাদেশ টেরি টাওয়েল এন্ড লিনেন ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিটিটিএলএমইএ) এর সদস্য প্রতিষ্ঠানের আবেদন পত্রের সাথে উক্ত এসোসিয়েশনের প্রত্যয়ন সনদপত্র (এফই সার্কুলার নং ২১/২০১০ এর ফরম-ঘ মোতাবেক) দাখিল করতে হবে।

০৬। এফই সার্কুলার নং ২৩, তারিখ নভেম্বর ২২, ২০০৯ (ফিনিশড লেদার) ও এফই সার্কুলার নং ০৫, তারিখ এপ্রিল ১১, ২০১০ (ক্রাস্ট লেদার) এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে জারিকৃত অপরাপর সার্কুলারের নির্দেশনা মোতাবেক উপরের তালিকার ১৭ ক্রমিকে বর্ণিত ভর্তুকির জন্য আবেদন দাখিল করতে হবে। আলোচ্য পণ্যদ্বয় সাভারে চামড়া শিল্প নগরীতে স্থানান্তরিত শিল্প প্রতিষ্ঠানে উৎপাদিত মর্মে সংশ্লিষ্ট এসোসিয়েশন কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন সনদপত্রে উল্লেখ থাকতে হবে।

রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য অপরাপর নির্দেশনাসমূহ যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০